**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 05-07–2024**
**Time: 07.35–07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**CM-Health :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, জন্মগত শারীরিক অসঙ্গতি ও ত্রুটি নিয়ে জন্ম নেওয়া শিশুদের বিনামূল্যে উন্নত চিকিৎসা পরিষেবা প্রদানের উদ্যোগ নিয়েছে সরকার। গতকাল আগরতলা গভর্নমেন্ট নার্সিং কলেজের অডিটোরিয়ামে জন্মগত হৃদরোগ শনাক্তকরণ শিবিরের রাজ্যভিত্তিক অনুষ্ঠানের সূচনা করে তিনি একথা বলেন। জাতীয় স্বাস্থ্য মিশন ত্রিপুরা শাখার উদ্যোগে ও অ্যাপোলো চিলড্রেনস হাসপাতালের সহযোগিতায় এই শনাক্তকরণ শিবিরের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের অধীনে রাজ্যে, জন্মগত হৃদরোগ, শ্রবনজনিত প্রতিবন্ধকতা, বাঁকা পা, দৃষ্টি প্রতিবন্ধকতা, নিউরাল টিউব ডিফেক্ট-এর মত বিভিন্ন জন্মগত ত্রুটি নিয়ে জন্ম নেওয়া শিশুদের প্রাথমিক চিকিৎসা এবং প্রয়োজনে অস্ত্রোপচারের ব্যবস্থা করা হয়েছে।

*****************

**Farmer Assistance-Agriculture Minister :**

প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ রাজ্যের ৮টি জেলায় ৭৮ হাজার ২৭৯ জন কৃষককে গতকাল কৃষি দপ্তরের পক্ষ থেকে ক্ষতিপূরণ বাবদ প্রায় ২২ কোটি টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়। আগরতলার নজরুল কলাক্ষেত্রে আয়োজিত এক অনুষ্ঠানে কৃষিমন্ত্রী রতন লাল নাথ বোতাম টিপে কৃষকদের ব্যাংক একাউন্টে এই অর্থ প্রদান করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এডিসির কার্যনির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা, বিধায়ক রতন

চক্রবর্ত্তী, মীনা রানী সরকার, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি হরিদুলাল আচার্য্য প্রমুখ।

*****************

**Panchayet Election :**

আসন্ন ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের দিনক্ষণ আজ চূড়ান্ত করা হবে। গতকাল রাজ্য নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী একথা জানিয়েছেন। তিনি আরো জানান, পঞ্চায়েত নির্বাচনে প্রার্থীরা যাতে অবাধে মনোনয়নপত্র জমা দিতে পারেন, সেই জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে আরক্ষা দপ্তরকে বলা হয়েছে।

*****************

**Sampoornata Abhiyan:**

আমবাসা মহকুমার গঙ্গানগর কমিউনিটি হলে গতকাল কেন্দ্রীয় নীতি আয়োগের পৃষ্ঠপোষকতায় 'সম্পূর্ণতা অভিযান' কর্মসূচির সূচনা হয়। নীতি আয়োগের বিশেষ উপদেষ্টা রাজীব সেন এবং ধলাই জেলার জেলা শাসক সাজু ওয়াহিদ এ এই কর্মসূচির উদ্বোধন করেন। অনুষ্ঠানে শ্রী সেন বলেন, তিন মাসব্যাপী এই অভিযানের মাধ্যমে উন্নয়ন প্রত্যাশী জেলা ও ব্লকে চিহ্নিত ছয়'টি সামাজিক উন্নয়ন সূচকের সাফল্য ১০০ শতাংশে পৌঁছানোর লক্ষ্যে এই অভিযান ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত চলবে। এই ছ'টি বিষয় হল আগামী তিন মাসের মধ্যে সকল গর্ভবতী মহিলাদের প্রসবপূর্ব পরিচর্যার জন্য নাম নথিভুক্ত করা , ডায়াবেটিস ও রক্তচাপের চিকিৎসার জন্য রোগাক্রান্ত ব্যক্তিদের চিহ্নিত করা, গর্ভবতী মহিলা ও শিশুদের টিকাকরণের হার ১০০ শতাংশ করা, মাটির নমুনা সংগ্রহের ভিত্তিতে মৃত্তিকা স্বাস্থ্য কার্ডের ব্যবস্থা করা স্বনির্ভর তহবিল প্রাপ্ত গোষ্ঠীগুলির সাফল্যের হার নির্ণয় প্রভৃতি।

অনুষ্ঠানে, নীতি আয়োগের আধিকারিকরা উপস্থিত আশা কর্মী ও অঙ্গনওয়াড়ি কর্মীদের সঙ্গে কথা বলেন, তাদের কর্মক্ষেত্রের সমস্যা

সম্পর্কে অবগত হন এবং সমস্যা সমাধানের জন্য প্রয়োজনীয় পরামর্শ দেন। অনুষ্ঠান শেষে তাঁরা বিভিন্ন স্টল ঘুরে দেখেন। সফরকারী আধিকারিকরা গতকাল গঙ্গানগর স্কুল, একটি অঙ্গনওয়াড়ি সেন্টার ও একটি হেলথ ওয়েলনেস সেন্টারও  পরিদর্শন করেন।

*****************

**Jharkhand CM :**

ঝাড়খন্ড মুক্তি মোর্চার নির্বাহী সভাপতি হেমন্ত সোরেন গতকাল ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেছেন। রাজ্যপাল সি পি রাধাকৃষ্ণন রাজভবনে এক অনাড়ম্বর অনুষ্ঠানে তাঁকে শপথ বাক্য পাঠ করান। তিনি তৃতীয়বারের জন্য ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হলেন।

*****************

**Tree plantation:**

রাজ্যে পাঁচ মিনিটে পাঁচ লক্ষ গাছের চারা লাগাতে প্রস্তুতি নিয়েছে বন দপ্তর। এ উপলক্ষ্যে আজ মূল অনুষ্ঠানটি হবে মোহনপুরের তারানগরে জাতীয় সড়কের পাশে। জেলা বন অফিসার জয়কৃষ্ণান ভি কে জানান, অনুষ্ঠানের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা। এছাড়া বনমন্ত্রী অনিমেষ দেববর্মা, পিসিসিএফ ডঃ এ এম কানফারে এবং আর কে সামল অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

*****************

**Meeting on Ratha yatra:**

দক্ষিণ জেলায় রথযাত্রা উৎসব শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে গতকাল বিলোনিয়ায় দক্ষিণ জেলা শাসকের অফিসে জেলা শাসক ডা: সিদ্ধার্থ শিব জয়সওয়ালের পৌরহিত্যে এক সভা অনুষ্ঠিত হয়। দক্ষিণ জেলার পুলিশ সুপার অশোক কুমার সিনহা, মহকুমা শাসকগন, বিদ্যুৎ নিগম, স্বাস্থ্য দপ্তর, পূর্ত্ত দপ্তর ও বিপর্যয় মোকাবিলা কতৃপক্ষের আধিকারিকরা সভায়

উপস্থিত ছিলেন। জেলা শাসক সমস্ত সরকারি নীতি নির্দেশিকা মেনে রথযাত্রা উৎসব সম্পন্ন করতে সকলকে নির্দেশ দেন।

*****************

**Mukhamantri Shamipeshu :**

লোকসভা নির্বাচনের জন্য কিছুদিন স্থগিত থাকার পর গতকাল থেকে পুনরায় শুরু হয়েছে মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচি। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে সাহায্য প্রত্যাশী জনগণ মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহার সরকারি বাসভবনে সাক্ষাৎ করে বিভিন্ন বিষয়ে সহায়তার আবেদন জানান। গতকাল মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচিতে ২২ জন নাগরিক সরাসরি কথা বলে তাদের অভাব, অভিযোগ ও সমস্যা সম্পর্কে মুখ্যমন্ত্রীকে অবগত করেন। তিনি মানবিক দৃষ্টিকোণ থেকে চিকিৎসা এবং প্রয়োজনীয় সহায়তার বিষয়ে দ্রুত সমাধানে উদ্যোগ নেন।

*****************

**Second Division Football:**

টি এফ এ পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবলের উদ্বোধনী ম্যাচে স্কাইলার্ক ক্লাব খেলবে এন এস আর সি সি'র বিরুদ্ধে। আগামী ১৯শে জুলাই উমাকান্ত মিনি স্টেডিয়াম এই ম্যাচটি হবে। গতরাতে দ্বিতীয় ডিভিশনে অংশ নেওয়া ৯টি ক্লাবের কর্তাদের নিয়ে বৈঠক করেন ফুটবল সংস্থার কর্মকর্তারা। বৈঠকে এই সিদ্ধান্ত নেয়া হয় বলে লীগ কমিটির সচিব তপন সাহা জানিয়েছেন।

*****************

**Third Division League :**

ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতকালের খেলায় ইকফাই ফুটবল ক্লাব বড় ব্যবধানে জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় ইকফাই ফুটবল ক্লাব ১৫-০ গোলে আমরা

ক'জনাকে হারিয়ে দেয়। এদিকে আসর থেকে মাঝপথে বিবেকানন্দ ক্লাব এন্ট্রি প্রত্যাহার করে নেওয়ায় দিনের অপর খেলাটি হয় নি।

*****************

**Weather:**

আবহাওয়ার পুর্বাভাসে জানানো হয়েছে, আজ আকাশ সাধারনত মেঘলা থাকবে। রাজ্যের বিভিন্ন স্থানে দুয়েক পশলা বজ্র সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩১ ডিগ্রির কাছাকাছি থাকতে পারে। আগরতলায় আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ ডিগ্রি সেলসিয়াস । গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাত ৭.৯ মিলিমিটার।

*****************

*****************